যুগান্তর

তারিখ 20 MAY 2015
পৃষ্ঠা ... কলাম ...

বিশ্বব্যাপী শিক্ষার উন্নয়ন

# ৩৯ হাজার কোটি টাকা বিনিয়োগ করবে বিশ্বব্যাংক

যুগান্তর রিপোর্ট

আগামী ৫ বছরে বিশ্বব্যাপী শিক্ষা খাতে ৫০০ কোটি ডলার অর্থায়নের ঘোষণা দিয়েছে বিশ্বব্যাংক। যা দাঁড়ায় ৩৯ হাজার কোটি টাকা (৭৮ টাকা প্রতি ডলার)। ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূর করার প্রতিশ্রুতির অংশ হিসেবে এ অর্থায়ন করবে সংস্থাটি। মঙ্গলবার বিশ্বব্যাংকের পক্ষ থেকে এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়।

বিশ্বব্যাংক উল্লেখ করেছে, শিক্ষার নিম্নমানের ফলে দারিদ্র্য দূরীকরণের প্রক্রিয়া মারাত্মকভাবে বাধাগ্রস্ত হচ্ছে। শিক্ষা ক্ষেত্রে সমতা ও সক্ষমতা বাড়াতে এ অর্থ ব্যয় করা হবে। অর্থায়নের পরিমান চলমান শিক্ষা খাতে ফলাফলভিত্তিক প্রকল্পে অর্থায়নের চেয়ে দ্বিগুণ উল্লেখ করা হয়েছে। কোরিয়ার বিশ্ব শিক্ষা ফোরাম-২০১৫ তে মঙ্গলবার এ ঘোষণা দেয় বিশ্বব্যাংক। ১৬০টিরও বেশি দেশের প্রতিনিধি শিক্ষা ক্ষেত্রে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) ২০১৫ পরবর্তী টেকসই উন্নয়নের লক্ষ্য কাঠামো নির্ধারণে চলতি সপ্তাহে কোরিয়ায় একত্র হয়েছে। বিশ্বব্যাংক জানিয়েছে এখনও বিশ্বব্যাপী ১২ কোটি ১০ লাখ শিশু প্রাথমিক শিক্ষা বঞ্চিত। এর বেশিরভাগ শিশু দারিদ্র্য, লিঙ্গ বৈষম্য, দুর্গম ভৌগলিক পরিস্থিতি এবং শারীরিক অক্ষমতার কারণে শিক্ষা সুবিধা থেকে বঞ্চিত।

এ বিষয়ে বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিম বলেছেন, বেশিরভাগ শিক্ষা ব্যবস্থায় দরিদ্র শিশুরা ভালোভাবে অংশগ্রহণ করতে পারে না। পরিসংখ্যানে দেখা যায়, স্কুলে যাওয়ার পরেও ২৫ কোটি শিশু লিখতে বা পড়তে পারে না। চরম দারিদ্র্যবিমোচনের লক্ষ্য অর্জনে এটি একটি দুঃখজনক ও গুরুতর বিষয়। এমডিজির ২০০০-১৫ মেয়াদকালে শিক্ষার হার বাড়াতে এবং স্কুলে ছেলেমেয়ে সবার জন্য সুযোগ তৈরিতে বিশ্বব্যাংক অর্থায়ন করেছে। ফলাফলভিত্তিক শিক্ষা খাতের বিভিন্ন প্রকল্পে গত ৫ বছরে আড়াইশ কোটি ডলার অর্থায়ন করেছে বিশ্বব্যাংক। আগামী ৫ বছরে এটি ৫০০ কোটি ডলারে উন্নীত করা হবে। এটি এমডিজি পরবর্তী বিশ্বব্যাপী নতুন লক্ষ্য অর্জনে সহায়তা করবে বলে উল্লেখ করেছে বিশ্বব্যাংক।